

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

সংস্থাপ্রধানসহ মাসিক সমন্বয়-সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. নাহিদ রশীদ সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সভার তারিখ ও সময়	:	২০/০২/২০২৩ তারিখ বেলা ১১.০০ টা
সভার স্থান	:	সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সভায় উপস্থিত সদস্যদের তালিকা	:	সংযুক্ত (পরিশিষ্ট- ক)

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৩) গত ১৮ জানুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের অধীন সংস্থাপ্রধানসহ মাসিক সমন্বয়-সভার কার্যপত্র উপস্থাপন করেন। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

৩। মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাভিত্তিক সমন্বয়-সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন, অগ্রগতি প্রতিবেদন আলোচ্যসূচির ক্রমানুসারে উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচিত বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

৪। সাধারণ বিষয়াদি

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৪.১	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কার্যক্রম	মেরিন ফিশারিজ একাডেমি হার্ডকপিতে এবং অবশিষ্ট ০৭টি দপ্তর/সংস্থা APAMS সফটওয়্যারের মাধ্যমে ২য় ত্রৈমাসিক অগ্রগতিসহ অর্ধবার্ষিক প্রতিবেদন যথাসময়ে দাখিল করে। দাখিলকৃত প্রতিবেদনের আলোকে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত এবং দপ্তর/সংস্থাকে প্রেরণ করা হয়। তাছাড়া অর্ধবার্ষিক মূল্যায়ন বিষয়ে গত ১৫/০২/২০২৩ তারিখে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।	ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন দাখিলের এবং ২০২৩-২৪ অর্থবছরের এপিএ প্রণয়নের নিমিত্ত চাহিত তথ্য/মতামত যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিঃ সচিব (প্রশাসন), সকল সংস্থা প্রধান / উপসচিব (প্রশাসন-১)
৪.২	টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDG) বাস্তবায়ন	বেইজলাইন ডাটা প্রদানের জন্য মৎস্য অধিদপ্তরের টেকনিক্যাল গ্রুপ গঠন করা, SDG'র মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের লিড ৬টি সূচকের মধ্যে ৩টি সূচকের বেইজলাইন ডাটা প্রদানের জন্য মৎস্য অধিদপ্তরের টেকনিক্যাল গ্রুপের প্রয়োজনীয় কার্যক্রম চলমান এবিষয়ে আলোচনা করা হয়। এছাড়া বিএফআরআই ও বিএলআরআই কর্তৃক (SDG) ডাটা ট্র্যাকারে তথ্য প্রদানের নিমিত্ত হালনাগাদ তথ্য মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	এফএও'র সাথে যোগাযোগের মাধ্যমে বেইজ লাইন ডাটা প্রণয়ন এবং ডাটা ট্র্যাকারে নিয়মিতভাবে বিএলআরআই, বিএফআরআই ও মৎস্য অধিদপ্তর ডাটা প্রদান করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট/সংস্থা প্রধান/ উপসচিব (প্রশা-১)
৪.৩	সেবা-পদ্ধতি সহজিকরণ	২০২২-২৩ অর্থবছরে সকল দপ্তর/ সংস্থার অন্তত ০১ (এক) টি করে সেবা সহজিকরণে প্রাণিসম্পদ অধিদপ্তর, বিএফডিসি এবং বিএফআরআই হতে অগ্রগতির তথ্য (০২ দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন এবং প্রশিক্ষণ পরবর্তী নাগরিক সংশ্লিষ্ট ০১ টি সেবা চিহ্নিতকরণ) না পাওয়ার বিষয়ে আলোচনা করা হয়। এতদসংশ্লিষ্ট প্রশিক্ষণে প্রকৃত সেবাগ্রহীতাদের অংশগ্রহণ নিশ্চিতসহ সেবাগ্রহীতাদের সাথে আলোচনাক্রমে নাগরিক সেবা চিহ্নিত করার বিষয়ে আলোচনা করা হয়। সভা পরবর্তী বিষয়টি ০১ (এক) সপ্তাহের মধ্যে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়।	সেবা সহজিকরণ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নে সকল দপ্তর/সংস্থা বিশেষত মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বিএফডিসি, বিএফআরআই এবং বিএলআরআই কর্তৃক প্রকৃত সেবাগ্রহীতাদের অংশগ্রহণে ০২ (দুই) দিনব্যাপী একটি সেবা সহজিকরণ প্রশিক্ষণ মন্ত্রণালয়ের প্রতিনিধির উপস্থিতিতে আয়োজন এবং সেবা-গ্রহীতাদের সাথে আলোচনাক্রমে এ প্রশিক্ষণ হতে অন্তত ০১ (এক) টি নাগরিক সম্পর্কিত সেবা চিহ্নিতকরণ কার্যক্রম সভা পরবর্তী ০১	সংস্থা প্রধান


ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
			সপ্তাহের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়।	
৪.৪	ই-সেবা প্রবর্তন	সকল দপ্তর/সংস্থা কর্তৃক পরবর্তী মাস হতে সকল ই-সেবার তথ্য প্রেরণ না করে ০১ টি করে ই-সেবার তথ্য ইতোমধ্যে প্রেরিত ছক মোতাবেক প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	প্রতি বছরের ন্যায় ২০২২-২৩ অর্থবছরে অন্তত ০১ (এক) টি সেবা প্রবর্তন করতে হবে। এছাড়া ইতোপূর্বে বাস্তবায়িত সকল ই-সেবা চালু রাখার নির্দেশনা প্রদান করা হয়।	সংস্থা প্রধান
৪.৫	তথ্য-বাতায়ন হালনাগাদকরণ	মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরের জেলা মৎস্য/ প্রাণিসম্পদ কর্মকর্তার দপ্তর ও উপজেলা মৎস্য/ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীগণের তথ্য বিশেষত ঝালকাঠি জেলা প্রাণিসম্পদ অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারীর তথ্য ফরম্যাট অনুযায়ী আপলোডের বিষয়ে আলোচনা করা হয়। জেলা পর্যায়ের মৎস্য ও প্রাণিসম্পদ অফিসের কর্মকর্তা/কর্মচারীর তথ্য জেলা প্রশাসক কার্যালয়ের আইসিটি শাখার সাথে এবং উপজেলা পর্যায়ের মৎস্য ও প্রাণিসম্পদ অফিসের কর্মকর্তা/কর্মচারীর তথ্য উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের সাথে যোগাযোগ করে জরুরিভিত্তিতে আপলোডের বিষয়ে আলোচনা করা হয়। এক্ষেত্রে তথ্যবাতায়নে কর্মকর্তা/কর্মচারীদের মোবাইল নম্বর ও ব্যক্তিগত ই-মেইল এর পরিবর্তে অফিসিয়াল মেইল প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।	মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরের জেলা পর্যায়ের মৎস্য ও প্রাণিসম্পদ অফিসের কর্মকর্তা/কর্মচারীর তথ্য জেলা প্রশাসক কার্যালয়ের আইসিটি শাখার সাথে এবং উপজেলা পর্যায়ের মৎস্য ও প্রাণিসম্পদ অফিসের কর্মকর্তা/কর্মচারীর তথ্য নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের সাথে যোগাযোগ করত: জরুরিভিত্তিতে ফরম্যাট অনুযায়ী আপলোডের নির্দেশনা প্রদান করা হয়। এক্ষেত্রে তথ্যবাতায়নে কর্মকর্তা/কর্মচারীগণের মোবাইল নম্বর ও ব্যক্তিগত ই-মেইল এর পরিবর্তে অফিসিয়াল মেইল আপলোডসহ সকল দপ্তর/সংস্থার স্ব-স্ব ওয়েবসাইটসহ মাট পর্যায়ের সকল সকল ওয়েবসাইট যথাযথভাবে নিয়মিত হালনাগাদ করার নির্দেশনা প্রদান করা হয়।	সংস্থা প্রধান ও সিস্টেম এনালিস্ট
৪.৬	আইন/ বিধিমালা প্রণয়ন	আইন ও বিধিমালা প্রণয়ন বিষয়ে অগ্রগতি নিম্নরূপ: (ক) “বাংলাদেশ পশু ও পশুজাত পণ্য সঞ্চারিত (সংশোধন) আইন, ২০২২”: পশু ও পশুজাত পণ্য সংগনিরোধ আইন, ২০০৫ সংশোধনক্রমে পশু ও পশুজাত সঞ্চারিত আইন, ২০২২ খসড়া মন্ত্রিপরিষদ-বৈঠকে উপস্থাপনের নিমিত্ত সুপারিশের জন্য বিগত ১৬/১১/২০২২ তারিখে আহ্বায়ক, আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি ও অতিরিক্ত সচিব (আইন), মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। (খ). “বাংলাদেশ চিড়িয়াখানা আইন, ২০২২”: খসড়া আইনটি ভেটিং এর জন্য ২১/১১/২০২২ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হলে ভেটিংপূর্বক এ মন্ত্রণালয়ে ফেরত প্রদান করা হয়। খসড়া বিলের সাথে সরকারি অর্থ ব্যয়ের প্রস্তাব থাকায় সংবিধানের অনুচ্ছেদ ৮২ অনুযায়ী বিলটি মহান জাতীয় সংসদে উত্থাপনের পূর্বে মহামান্য রাষ্ট্রপতির সুপারিশ গ্রহণ প্রয়োজন বিধায় গত ১৫/০১/২০২৩ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।	(ক) “পশু ও পশুজাত পণ্য সঞ্চারিত আইন, এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগ রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। (খ) খসড়া আইনটি ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়।	

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		(গ) বাংলাদেশ ডেইরী উন্নয়ন বোর্ড আইন-২০২২ মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্তের আলোকে খসড়া আইনটি প্রণয়নপূর্বক ভেটিং এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২২/১১/২০২২ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়া, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার আইন বিষয়ে সহায়তা করার জন্য ০১ (এক) জন ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন বিষয়ে আলোচনা করা হয়।	(গ) খসড়া আইনটি ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়।	উপসচিব (আইন)/ সংস্থা প্রধান
৪.৭	দপ্তর/সংস্থার আওতাধীন অফিসসমূহ ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন সংক্রান্ত	এপিএ এর লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের নিমিত্ত দপ্তর/সংস্থার আওতাধীন অফিসসমূহ ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন অব্যাহত রাখা, বিশেষত বিএলআরআই এর আঞ্চলিক অফিসসমূহের পরিদর্শনের তথ্য পরবর্তী মাসে আবশ্যিকভাবে প্রেরণ এবং মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভাগীয় ও তদুর্ধ্ব পর্যায়ের অফিসের পরিদর্শন প্রতিবেদন (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	এপিএ এর লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের নিমিত্ত দপ্তর/সংস্থার আওতাধীন অফিসসমূহ ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন অব্যাহত রাখা, বিশেষত বিএলআরআই এর আঞ্চলিক অফিসসমূহের পরিদর্শনের তথ্য পরবর্তী মাসে আবশ্যিকভাবে প্রেরণ এবং মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভাগীয় ও তদুর্ধ্ব পর্যায়ের অফিসের পরিদর্শন প্রতিবেদন (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	সংস্থা প্রধান
৪.৮	অডিট আপত্তি	প্রকিউরমেন্ট সংশ্লিষ্ট অডিট আপত্তির ক্ষেত্রে অফিস প্রধানগণ কর্তৃক যথাযথ প্রমাণকসহ সুস্পষ্ট জবাব প্রদান এবং অডিট আপত্তির নিষ্পত্তির হার বৃদ্ধিতে কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়ের সাথে যোগাযোগ করে নিয়মিত ত্রিপক্ষীয় সভা আয়োজনে বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া দপ্তর/সংস্থার ক্রয় সংক্রান্ত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক পিপিআর-২০০৮ যথাযথভাবে অনুসরণের বিষয়ে আলোচনা করা হয়।	প্রকিউরমেন্ট সংশ্লিষ্ট অডিট আপত্তির ক্ষেত্রে অফিস প্রধানগণ কর্তৃক যথাযথ প্রমাণকসহ সুস্পষ্ট জবাব প্রদান এবং অডিট আপত্তির নিষ্পত্তির হার বৃদ্ধিতে কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়ের সাথে যোগাযোগ করত: নিয়মিত ত্রিপক্ষীয় সভা আয়োজন করা, দপ্তর/ সংস্থার ক্রয় সংক্রান্ত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক পিপিআর-২০০৮ যথাযথভাবে অনুসরণের নির্দেশনা প্রদান করা হয়।	অতিরিক্ত সচিব (প্রশাসন)/ সংস্থা প্রধান/ সহকারী সচিব (প্রশাসন-৪)
৪.৯	মামলা নিষ্পত্তি	উচ্চ/নিম্ন আদালতসমূহে অনিষ্পন্ন মামলা নিষ্পত্তির ক্ষেত্রে আদালতের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখা এবং মামলা দ্রুত নিষ্পত্তিতে উদ্যোগ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া, মামলার জট হ্রাসকল্পে মৎস্য অধিদপ্তর এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের আইন কর্মকর্তাদের সাথে সমন্বয়পূর্বক সাল অনুযায়ী প্রকৃত মামলার সূচি তৈরির বিষয়ে আলোচনা করা হয়। এক্ষেত্রে অধিদপ্তর প্রধানগণ কর্তৃক সংশ্লিষ্ট শাখায় পত্র প্রেরণ এবং মন্ত্রণালয়ের আইন অধিশাখার সাথে টেলিফোনে সার্বক্ষণিক যোগাযোগের বিষয়ে আলোচনা করা হয়।	অনিষ্পন্ন মামলা নিষ্পত্তির ক্ষেত্রে কার্যকর পদক্ষেপ গ্রহণ, মামলার জট হ্রাসকল্পে মন্ত্রণালয়ের আইন অধিশাখার নেতৃত্বে মৎস্য অধিদপ্তর এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের আইন কর্মকর্তাদের সমন্বয়ে সাল অনুযায়ী প্রকৃত মামলার সূচি তৈরির নির্দেশনা প্রদান করা হয়। এ লক্ষ্যে অধিদপ্তর প্রধানগণ কর্তৃক সংশ্লিষ্ট শাখায় পত্র প্রেরণ এবং মন্ত্রণালয়ের আইন অধিশাখার সাথে টেলিফোনে সার্বক্ষণিক যোগাযোগের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।	সংস্থা প্রধান (সকল), যুগ্মসচিব (আইন)
৪.১০	পেনশন কেইস দ্রুত নিষ্পত্তি	পেনশন কেইসসমূহের বিষয়ে সঠিক ও স্বয়ংসম্পূর্ণ তথ্য উপস্থাপন এবং দ্রুত নিষ্পত্তির বিষয়ে আলোচনা করা হয়। পেনশনের আবেদন মন্ত্রণালয়ে প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অতি দ্রুত সময়ে সকল কাগজপত্র যাচাই করে অডিট আপত্তির বিষয়টি সুস্পষ্টভাবে উল্লেখ করার বিষয়ে আলোচনা করা হয়।	পেনশন কেইসগুলো অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তিতে পেনশনের আবেদন মন্ত্রণালয়ে প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অতি দ্রুত সময়ে সকল কাগজপত্র যাচাই করে অডিট আপত্তির বিষয়টি সুস্পষ্টভাবে	অতিরিক্ত সচিব (মৎস্য/ প্রাণিসম্পদ-২), সংস্থা প্রধান মন্ত্রণালয়ের কল্যাণ কর্মকর্তা

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		এছাড়া বিএলআরআই এর তথ্য সন্নিবেশিত করার বিষয়ে আলোচনা করা হয়।	উল্লেখপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণসহ বিএলআরআই এ সংক্রান্ত তথ্য সন্নিবেশিত করার নির্দেশনা প্রদান করা হয়।	
৪.১১	ই-নথি	সকল দপ্তর/সংস্থার ই-ফাইলিং কার্যক্রমের অগ্রগতি বিশেষত প্রাণিসম্পদ অধিদপ্তর হতে প্রেরিত তথ্য পুনরায় যাচাই করার বিষয়ে আলোচনা করা হয়। যেসকল দপ্তর/সংস্থার অগ্রগতির হার কম সেসকল দপ্তর/সংস্থার ই-ফাইলিং কার্যক্রম বৃদ্ধিতে মন্ত্রণালয়ের আইসিটি অনুবিভাগের সাথে যোগাযোগ করা এবং এ সংক্রান্ত তথ্য প্রেরণের ক্ষেত্রে ইতোমধ্যে প্রেরিত ছক মোতাবেক প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	এ মন্ত্রণালয় এর অধীনস্থ সংস্থায় ১০০% ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়। যেসকল দপ্তর/সংস্থার অগ্রগতির হার কম সেসকল দপ্তর/সংস্থার ই-ফাইলিং কার্যক্রম বৃদ্ধিতে মন্ত্রণালয়ের আইসিটি সেলের সাথে যোগাযোগ রাখা এবং এ সংক্রান্ত তথ্য প্রেরণের ক্ষেত্রে ইতোমধ্যে প্রেরিত ছক মোতাবেক তথ্য প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	অনুবিভাগ প্রধান (সকল)/ সংস্থাপ্রধান
৪.১২	ইনোভেশন	ইনোভেশন সংক্রান্ত কর্মশালা বছরে ০২ বার করার নির্দেশনার বিষয়ে আলোচনা করা হয়েছে। সকল দপ্তর/সংস্থার ইনোভেশন এর তালিকা/তথ্য সচিব মহোদয় এর নিকট উপস্থাপন করার বিষয়ে আলোচনা করা হয়।	দপ্তর/সংস্থার ইনোভেশন সংক্রান্ত কর্মকর্তাদের সমন্বয়ে বছরে অন্তত ০৪ (চার) বার ইনোভেশন সংক্রান্ত কর্মশালা আয়োজন এবং সকল দপ্তর/ সংস্থার ইনোভেশনসমূহ সচিব মহোদয়-এর নিকট উপস্থাপন করার নিমিত্ত ০১ (এক) টি কর্মশালা আয়োজন করার নির্দেশনা প্রদান করা হয়।	চিফ ইনোভেশন অফিসার (মওপ্রা.)/ সংস্থাপ্রধান
৪.১৩	অভ্যন্তরীণ প্রশিক্ষণ	অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের গত ০৩/০৭/২০২২ তারিখের ০১ সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুসারে প্রশিক্ষণের জন্য বরাদ্দকৃত অর্থের ৫০ শতাংশ ব্যয়ের মাধ্যমে এপিএ-তে উল্লিখিত দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের গত ০৩/০৭/২০২২ তারিখের ০১ সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুসারে প্রশিক্ষণের জন্য বরাদ্দকৃত অর্থের ৫০ শতাংশ ব্যয়ের মাধ্যমে এপিএ-তে উল্লিখিত দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।	
৪.১৪	জাতীয় শুদ্ধাচার কৌশল	২০২২-২৩ অর্থবছরে দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক (জুলাই-ডিসেম্বর/২০২২) অগ্রগতি প্রতিবেদন বিএফডিসি ব্যতীত সকল দপ্তর কর্তৃক দাখিল করেছে। বিএফডিসি কর্তৃক অনলাইনে অগ্রগতি প্রতিবেদন দাখিল করা হয়েছে। মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রেরিত কর্মপরিকল্পনার সূচকের বিপরীতে যথাযথভাবে সকল প্রমাণক পাওয়া গেছে। বিএফডিসি ব্যতীত অন্যান্য দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত তথ্য যাচাই-বাছাই করা হয়েছে। ৩য় প্রান্তিকের প্রমাণকসহ অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া, বিএফডিসি'র ১ম অর্ধবার্ষিকের প্রমাণকসহ অগ্রগতি প্রতিবেদন হার্ডনথিতে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	২০২২-২৩ অর্থবছরে বিএফডিসি'র ১ম অর্ধবার্ষিক (জুলাই-ডিসেম্বর/২০২২) এর প্রমাণকসহ অগ্রগতি প্রতিবেদন জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, সকল দপ্তর/সংস্থার ৩য় প্রান্তিকের প্রমাণকসহ অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	অতিঃসচিব (প্রশাসন)/ সংস্থা প্রধান
৪.১৫	অভিযোগ নিষ্পত্তি	সিটিজেন্স চার্টার সংশ্লিষ্ট অভিযোগসমূহ নিষ্পত্তি পূর্বক সংশ্লিষ্টদের অবহিতকরণসহ ওয়েবসাইটে আপলোড অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়।	সিটিজেন্স চার্টার সংশ্লিষ্ট অভিযোগসমূহ নিষ্পত্তি করতঃ সংশ্লিষ্টদের অবহিতকরণসহ ওয়েবসাইটে আপলোড অব্যাহত রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।	সংস্থা প্রধান
৪.১৬	অনিষ্পন্ন পত্র/বিষয়	বিভিন্ন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত পত্রাদি সচিবালয়	বিভিন্ন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত পত্রাদি	সংস্থা প্রধান

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		নির্দেশমালা অনুযায়ী নিষ্পত্তি করার বিষয়ে আলোচনা করা হয়। মেরিন ফিশারিজ একাডেমির অনস্পিন্ন পত্র নিষ্পত্তিতে সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানের সাথে যোগাযোগ করার বিষয়ে আলোচনা করা হয়।	সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নিষ্পত্তি করা এবং মেরিন ফিশারিজ একাডেমির অনস্পিন্ন পত্র নিষ্পত্তিতে সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানের সাথে যোগাযোগ করার নির্দেশনা প্রদান করা হয়।	(সকল)/GRS ফোকাল পয়েন্ট/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা
৪.১৭	নিয়োগ সংক্রান্ত	প্রাণিসম্পদ অধিদপ্তর ব্যতীত সকল দপ্তর/সংস্থা কর্তৃক মন্ত্রণালয় হতে প্রেরিত ছক অনুযায়ী শূণ্যপদ এবং শূণ্যপদের বিপরীতে নিয়োগ সংক্রান্ত সর্বশেষ তথ্য প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের ইতোমধ্যে জারিকৃত অফিস সহায়কের নিয়োগ বিজ্ঞপ্তির বাছাই কার্যক্রম সম্পন্ন করা এবং এ সংক্রান্ত পরবর্তী কার্যক্রম শুরু করার বিষয়ে আলোচনা করা হয়।	প্রাণিসম্পদ অধিদপ্তরকে মন্ত্রণালয় হতে প্রেরিত ছক মোতাবেক শূণ্যপদ এবং শূণ্যপদের বিপরীতে নিয়োগ সংক্রান্ত সর্বশেষ তথ্য প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের ইতোমধ্যে জারিকৃত অফিস সহায়ক পদের নিয়োগ বিজ্ঞপ্তির প্রার্থী বাছাই পরবর্তী কার্যক্রম দ্রুত সম্পন্ন করা এবং প্রয়োজনে বিজ্ঞপ্তির মেয়াদ বৃদ্ধির আবেদন মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	সংস্থা প্রধান (সকল)/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা
৪.১৮	বিবিধ	(ক) দপ্তর/সংস্থার কর্মকর্তাদের স্বল্পমেয়াদী প্রশিক্ষণ/সেমিনার/ ওয়ার্কশপে অংশগ্রহণের পূর্ণাঙ্গ প্রস্তাব কমপক্ষে ১৫ দিনে পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া আমন্ত্রণপত্র মন্ত্রণালয়ের সচিব/মহাপরিচালক বরাবর প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	(ক) দপ্তর/সংস্থার কর্মকর্তাদের স্বল্পমেয়াদী প্রশিক্ষণ/সেমিনার/ ওয়ার্কশপে অংশগ্রহণের পূর্ণাঙ্গ প্রস্তাব কমপক্ষে ১৫ দিনে পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণসহ আমন্ত্রণপত্র মন্ত্রণালয়ের সচিব/মহাপরিচালক বরাবর প্রেরণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।	সংস্থা প্রধান (সকল)/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা
		(খ) দপ্তর/সংস্থার মাসিক সমন্বয় সভার আলোচ্যসূচিতে নিয়োক্ত বিষয়সমূহ পৃথক পৃথকভাবে নিয়মিত আলোচনা ও অগ্রগতি পর্যালোচনার বিষয়ে আলোচনা করা হয়: ১. সেবা সহজীকরণ; ২. ই-নথির কার্যক্রম ৩. ই-সেবার প্রবর্তন; ৪. তথ্য বাতায়ন হালনাগাদ; ৫. ইনোভেশন (কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রগতি আলোচনা ও চলমান ইনোভেশনসমূহের অবস্থা ও অগ্রগতি)	(খ) দপ্তর/সংস্থার মাসিক সমন্বয় সভার আলোচ্যসূচিতে নিয়োক্ত বিষয়সমূহ পৃথক পৃথকভাবে নিয়মিত আলোচনা ও অগ্রগতি পর্যালোচনার করার নির্দেশনা প্রদান করা হয়: ১. সেবা সহজীকরণ; ২. ই-নথির কার্যক্রম; ৩. ই-সেবার প্রবর্তন; ৪. তথ্য বাতায়ন হালনাগাদ; ৫. ইনোভেশন (কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রগতি আলোচনা ও চলমান ইনোভেশনসমূহের অবস্থা ও অগ্রগতি)	সকল দপ্তর/সংস্থা প্রধান
		(গ) সকল প্রকল্পের তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।	(গ) সকল প্রকল্পের তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।	

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. নাহিদ রশীদ)

সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়